রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৩, ২০১৭

[বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।]

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ঢাকা
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭, বাংলাদেশ

## প্রজ্ঞাপন

তারিখ: ০৯ মে ২০১৭

নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০০১-২১/১৯৮/প্রশাসন/৭৫।-বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫নং আইন) এর ধারা ২৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, পূর্ব প্রকাশের পর, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিল :

১। সংক্ষিপ্ত শিরোনাম। এই বিধিমালা "বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭" নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা। (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "অধ্যাদেশ" অর্থ-Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969);

(খ) "অনুমোদিত সিকিউরিটিজ" অর্থ এই বিধিমালার অধীন বাজার সৃষ্টিকরণ এর উদ্দেশ্যে কোন এক্সচেঞ্জ কর্তৃক অনুমোদিত তালিকাভুক্ত কোন সিকিউরিটিজ এবং কোন বিধি দ্বারা নির্ধারিত কোন সিকিউরিটিজ;

(গ) "আইন" অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন);

(ঘ) "ফরম" অর্থ তফসিল-এ বিধৃত কোন ফরম;

(ঙ) "বাজার সৃষ্টিকারী" অর্থ এমন কোন ব্যক্তি যিনি কমিশন কর্তৃক এতদুদ্দেশ্যে প্রদত্ত নিবন্ধন সনদের ভিত্তিতে কোন ইস্যুয়ার বা ফান্ড এবং কোন এক্সচেঞ্জ এর সহিত ত্রি-পক্ষীয় চুক্তি সম্পাদন করত: এক্সচেঞ্জ কর্তৃক নিয়োগপ্রাপ্ত হইয়া কোন অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টিকরণের (Market making) জন্য নিযুক্ত থাকেন; এবং

(চ) "বাজার সৃষ্টি" (Market making) অর্থ কোন অনুমোদিত সিকিউরিটিজ এর তারল্য ও উপযুক্ত মূল্য নিশ্চিতির লক্ষ্যে উহার সংখ্যা (Number of securities) সহ ক্রমাগতভাবে ক্রয় ও বিক্রয় উভয় দর (two way price) উল্লেখ করা।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি যে অর্থে Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন), আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নম্বর আইন),

আইন), বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নম্বর আইন), এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ (২০১৩ সালের ১৫ নং আইন), ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নম্বর আইন) এবং উহাদের অধীন প্রণীত কোন বিধি, প্রবিধি, আদেশ ও নিদের্শে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **নিবন্ধন সনদ ব্যতীত বাজার সৃষ্টিকারী হিসাবে কাজ করা নিষিদ্ধ।**- এই বিধিমালার অধীনে প্রদত্ত ও বলবৎ নিবন্ধন সনদ ব্যতীত কোন ব্যক্তি বাজার সৃষ্টিকারী হিসাবে কাজ করিতে পারিবে না।

৪। **নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্যতা।**- কোন ব্যক্তি বাজার সৃষ্টিকারী হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির যোগ্য হইবে, যদি - উহা অথবা উহার,

(১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে স্টক ডিলার অথবা স্টক ব্রোকার-ডিলার হিসাবে সনদ প্রাপ্ত কোম্পানি হয়;

(২) ন্যূনতম ১০ (দশ) কোটি টাকা পরিশোধিত মূলধন থাকেঃ

তবে শর্ত থাকে যে, উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ৭৫% (পঁচাত্তর শতাংশ) সার্বক্ষণিক নীট সম্পদ (Net Worth) এবং সার্বক্ষণিক ধনাত্মক নীট মূলধন উদ্বৃত্ত (Net Capital Balance) হিসাবে থাকিতে হইবেঃ

আরো শর্ত থাকে যে, কমিশন আদেশ দ্বারা সময় সময় উহা পুণঃনির্ধারণ করিতে পারিবেঃ

(৩) কোন পরিচালক অথবা ৫% বা ততোধিক শেয়ার ধারক -

(ক) সিকিউরিটিজ আইন ভঙ্গ, কোন জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধে অভিযুক্ত বা দন্ডিত না হয়; এবং

(খ) আদালত কর্তৃক দেউলিয়া বা মানসিক বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত না হয়; এবং

(গ) ব্যাংক ঋণ খেলাপী না হয়;

(৪) ডিপজিটরির ট্রেডিং বা পূর্ণসেবার অংশগ্রহণকারী (Trading or Full Service Depository Participant) হয়;

(৫) প্রযোজ্য ক্ষেত্রে, ক্লিয়ারিং এবং সেটেল্‌মেন্ট সেবাদানকারী প্রতিষ্ঠানের অংশগ্রহণকারী হিসাবে নিবন্ধিত হয়;

(৬) বাজার সৃষ্টি কার্যক্রমের জন্য নির্ধারিত ন্যূনতম ২ (দুই) জন নিবন্ধিত অনুমোদিত প্রতিনিধি থাকে এবং তাহাদের অনুমোদিত প্রতিনিধি হিসাবে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকে;

(৭) বাজার সৃষ্টির জন্য প্রয়োজনীয় দাপ্তরিক স্থান, কম্পিউটার সিস্টেম, পর্যাপ্ত দক্ষ জনবল ও আনুসঙ্গিক অন্যান্য সুবিধাদি থাকে;

(৮) সংশ্লিষ্ট এক্সচেঞ্জ এর অনুমোদন সাপেক্ষে, উহার প্রধান নির্বাহী বা পরিচালক মন্ডলীর কোন সদস্যকে পরিপালন কর্মকর্তা (Compliance Officer) হিসাবে নিয়োগ দান করে;

(৯) বাজার সৃষ্টি কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার ক্ষমতা ও দক্ষতা, এতদসংশ্লিষ্ট ঝুঁকি ব্যবস্থাপনা এবং স্বার্থ সংঘাত (Conflict of Interest) নিস্পত্তি, ইত্যাদি ক্ষেত্রে উহার যথাযথ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা (Internal Control System) থাকে; এবং

(১০) কমিশন কর্তৃক লিখিত আদেশ দ্বারা নির্ধারিত অন্য কোন যোগ্যতার অধিকারী হয়।

৫। **নিবন্ধন সনদের জন্য আবেদনপত্র দাখিল, বিবেচনা ইত্যাদি।**- (১) নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য এক্সচেঞ্জ এর সুপারিশসহ নির্ধারিত ফরমে (ফরম-ক) কমিশনের নিকট আবেদন করিতে হইবে।

(২) আবেদন পত্রের সহিত [১][৫০ (পঞ্চাশ হাজার) টাকার] অফেরতযোগ্য আবেদন ফিস বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর অনুকূলে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে দাখিল করিতে হইবে।

(৩) আবেদন পত্রের সহিত ফরমে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র এবং কমিশন কর্তৃক নির্দেশিত হইলে, অতিরিক্ত কাগজপত্র ও তথ্যাদি দাখিল করিতে হইবে।

---

[১] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ ৩০ জুন ২০২১ এর দ্বারা "১০ (দশ হাজার) টাকার" শব্দগুলি "৫০ (পঞ্চাশ হাজার) টাকার" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগষ্ট ২৪, ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

(৪) কোন আবেদনপত্র কোন প্রকারে অসম্পূর্ণ থাকিলে তাহা সরাসরি কমিশন কর্তৃক অগ্রাহ্য হইবে।

(৫) আবেদন সম্পর্কে সন্তুষ্ট হইলে উহা প্রাপ্তির অনধিক পঁয়তাল্লিশ কার্যদিবস এর মধ্যে কমিশন উহা মঞ্জুর করিয়া ফরম-খ এ নিবন্ধন সনদ প্রদান করিবে; অন্যথায়, লিখিত কারণ উল্লেখপূর্বক, উহা নামঞ্জুর করিবে এবং উক্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট এক্সচেঞ্জ ও আবেদনকারীকে জানাইয়া দিবে।

(৬) নিবন্ধন ফিস বাবদ [1][৫(পাঁচ) লক্ষ টাকা] কমিশনের অনুকূলে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে দাখিল করা হইলে নিবন্ধন সনদ প্রদান করা হইবে, যাহা কমিশন কর্তৃক আবেদনকারীকে অবহিত করা হইবে এবং যাহার একটি অনুলিপি সংশ্লিষ্ট এক্সচেঞ্জকে প্রদান করা হইবে।

৬। **নিবন্ধন সনদের মেয়াদ ও নবায়ন**।- (১) এই বিধিমালার বিধান সাপেক্ষে কোন নিবন্ধন সনদের মেয়াদ হইবে উহা প্রদানের তারিখ হইতে এক বৎসর।

(২) নিবন্ধন সনদের মেয়াদ পূর্তির অন্ততঃ ত্রিশ দিন পূর্বে নবায়ন ফিস বাবদ [2][১(এক) লক্ষ টাকা] কমিশনের অনুকূলে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারসহ নির্ধারিত ফরমে (ফরম-গ) আবেদন দাখিল করা হইলে, নিবন্ধন সনদের মেয়াদ পরবর্তী এক বৎসরের জন্য নবায়ন করা যাইবে।

(৩) নির্ধারিত সময়ের মধ্যে নবায়ন ফিস জমা করা না হইলে, সংশ্লিষ্ট নিবন্ধন সনদের কার্যকারিতা উহার মেয়াদ পূর্তির পর স্থগিত হইয়া যাইবে, এবং সেই ক্ষেত্রে উহা নবায়নের নিমিত্ত প্রতি বৎসর বা উহার অংশ বিশেষের জন্য নবায়ন ফিসসহ নবায়ন ফিসের অর্ধেক পরিমাণ অর্থ জরিমানা হিসাবে উপ-বিধি (২) মোতাবেক কমিশনের অনুকূলে জমা করা হইলে, নিবন্ধন সনদের মেয়াদ পরবর্তী প্রযোজ্য এক বৎসরের জন্য নবায়ন করা যাইবে।

(৪) নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত থাকাকালীন সময়ের জন্যও নবায়ন ফিস প্রদান করিতে হইবে।

৭। **বাজার সৃষ্টিকারীর নিয়োগ, ইত্যাদি**।- (১) প্রতিটি সিকিউরিটিজ এর বাজার সৃষ্টির লক্ষ্যে উহার ইস্যুয়ার বা ফান্ড, সংশ্লিষ্ট এক্সচেঞ্জ এবং এই বিধিমালার অধীনে নিবন্ধিত বাজার সৃষ্টিকারীর মধ্যে ত্রি-পক্ষীয় চুক্তি সম্পাদন করত: উক্ত সিকিউরিটিজ এর (প্রতিটি সিকিউরিটিজ এর জন্য পৃথকভাবে) বাজার সৃষ্টিকারী এক্সচেঞ্জ কর্তৃক নিয়োগ প্রাপ্ত হইবে।

(২) সংশ্লিষ্ট বাজার সৃষ্টিকারী এবং উহার পরিচালক অথবা উহার ৫% (পাঁচ শতাংশ) বা ততোধিক শেয়ার ধারক এর সহিত উক্ত সিকিউরিটিজ এর ইস্যুয়ার বা সম্পদ ব্যবস্থাপক বা ট্রাস্টি বা কাস্টডিয়ান এবং উহাদের অধীনস্থ (Subsidiary) বা সহযোগী (Associate) বা নিয়ন্ত্রণকারী (Holding or Parent) কোম্পানির সহিত কোন প্রকার সংশ্লিষ্টতা থাকিতে পারিবে না।

(৩) উপ-বিধি (১) এ উল্লেখিত বাজার সৃষ্টিকারী নিয়োগের ত্রি-পক্ষীয় চুক্তিপত্রের শর্তাবলি সংশ্লিষ্ট এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) বাজার সৃষ্টিকারী নিযুক্ত হইবার পর বা অনুমোদিত সিকিউরিটিজ এর তালিকাভুক্তির পর, যাহা প্রযোজ্য, এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বাজার সৃষ্টি কার্যক্রম শুরু করিবে।

(৫) বাজার সৃষ্টিকারী সংশ্লিষ্ট এক্সচেঞ্জ এর নিকট হইতে অন্ততঃ পনের দিন পূর্বে অনুমতি গ্রহণ ব্যতিরেকে সংশ্লিষ্ট সিকিউরিটিজ এর বাজার সৃষ্টি কার্যক্রম বন্ধ বা স্থগিত করিতে পারিবে নাঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট এক্সচেঞ্জ এর অনুমতি সাপেক্ষে কোন বাজার সৃষ্টিকারী কোন সিকিউরিটিজ এর কার্যক্রম বন্ধ বা স্থগিত করিলে, উক্ত বন্ধ বা স্থগিতকরণের তারিখ হইতে অন্ততঃ ৯০(নব্বই) দিন অতিবাহিত না হইলে উহা কোন সিকিউরিটিজ এর বাজার সৃষ্টির জন্য নিয়োগ বা পুণঃ নিয়োগের জন্য যোগ্য হইবে না।

(৬) সংশ্লিষ্ট এক্সচেঞ্জ, যুক্তিসংগত কারণ কমিশনকে অবহিত করিয়া, বাজার সৃষ্টিকারীর কার্যক্রম বন্ধ বা স্থগিত অথবা বাজার সৃষ্টিকারীর নিয়োগ বাতিল করিতে পারিবে।

---

[1] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ ৩০ জুন ২০২১ এর দ্বারা "৫০ (পঞ্চাশ) হাজার টাকা" শব্দগুলি "৫(পাঁচ লক্ষ) টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগষ্ট ২৪, ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

[2] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ ৩০ জুন ২০২১ এর দ্বারা "১০ (দশ) হাজার টাকা" শব্দগুলি "১(এক) লক্ষ টাকা" শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে, যাহা আগষ্ট ২৪, ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

(৭) ১০ (দশ) কোটি টাকা পরিশোধিত মূলধন থাকিলে কোন বাজার সৃষ্টিকারী ১ (এক) টি অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টির জন্য নিয়োজিত হইতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, ১ (এক) টির অতিরিক্ত প্রতিটি অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টির জন্য বাজার সৃষ্টিকারীর অতিরিক্ত ১০ (দশ) কোটি টাকা হারে পরিশোধিত মূলধনসহ বিধি অনুযায়ী নীট সম্পদ ও নীট মূলধন উদ্বৃত্ত থাকিতে হইবে। তবে একজন বাজার সৃষ্টিকারী একই সাথে ৫ (পাঁচ) টির অধিক অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টির জন্য নিয়োজিত হইতে পারিবে নাঃ

আরো শর্ত থাকে যে, বাজার সৃষ্টিকারীর নিজস্ব পত্রকোষে (Own Portfolio) নীট বিনিয়োগ কোন অবস্থাতেই উহার নীট সম্পদের (Net Worth) পাঁচ গুণের বেশী হইবে না।

(৮) প্রতিটি অনুমোদিত সিকিউরিটিজ এর জন্য ৫ (পাঁচ) টির অধিক বাজার সৃষ্টিকারী নিয়োগ করা যাইবে না।

(৯) বাজার সৃষ্টিকারীকে, কমিশন কর্তৃক সময় সময় আদেশ দ্বারা নির্ধারিত ঝুঁকি ভিত্তিক মূলধন পর্যাপ্ততা (Risk Based Capital Adequacy) সংরক্ষণ করিতে হইবে।

৮। **বাজার সৃষ্টিকারী কর্তৃক বিশেষায়িত গ্রাহকের** (Designated Client) **হিসাবে লেনদেন ঃ** কোন বাজার সৃষ্টিকারী, নিবন্ধিত স্টক ব্রোকার-ডিলার হইলে, নিজস্ব পত্রকোষের (Own Portfolio) পাশাপাশি কোন বিশেষায়িত গ্রাহকের (Designated Client) হিসাবে নিম্মোক্ত শর্ত সাপেক্ষে কোন নির্দিষ্ট অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টি কার্যক্রম পরিচলনা করিতে পারিবেঃ

(১) কোন বাজার সৃষ্টিকারী বিশেষায়িত গ্রাহকের হিসাবে কোন নির্দিষ্ট অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে উক্ত গ্রাহককে বিশেষায়িত গ্রাহক হিসাবে অন্তর্ভুক্তির জন্য এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট এক্সচেঞ্জ এর নিকট আবেদন করিবে;

(২) কোন নির্দিষ্ট অনুমোদিত সিকিউরিটিজ এর বিশেষায়িত গ্রাহক হিসাবে অন্তর্ভুক্তির জন্য সংশ্লিষ্ট বাজার সৃষ্টিকারীর আবেদন এক্সচেঞ্জ কর্তৃক বিবেচিত হইবে না, যদি-

(ক) উহা "সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬" এর অধীন নিবন্ধিত কোন মার্চেন্ট ব্যাংকার অথবা "সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১" এর অধীন নিবন্ধিত কোন মিউচ্যুয়াল ফান্ড না হয়;

(খ) মার্চেন্ট ব্যাংকার এর পরিশোধিত মূলধন অথবা মিউচ্যুয়াল ফান্ডের আকার ন্যূনতম ৫০(পঞ্চাশ) কোটি টাকা না হয়;

(গ) বাজার সৃষ্টিকারী উহার বিশেষায়িত গ্রাহকের হিসাবে বাজার সৃষ্টি কার্যক্রমের সকল দায়-দায়িত্ব আইনগতভাবে গ্রহণ করিবে মর্মে এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত অঙ্গীকারনামা দাখিল না করে; এবং

(ঘ) বিশেষায়িত গ্রাহকের যদি সংশ্লিষ্ট অনুমোদিত সিকিউরিটিজ এর ইস্যুয়ার বা ফান্ড বা উদ্যোক্তা বা পরিচালক বা সম্পদ ব্যবস্থাপক বা ট্রাস্টি বা কাষ্টডিয়ান বা ১০% (দশ শতাংশ) বা অধিক সিকিউরিটিজ ধারণকারী অথবা বাজার সৃষ্টিকারীর উদ্যোক্তা বা পরিচালক বা ৫% (পাঁচ শতাংশ) বা অধিক শেয়ারহোল্ডার এবং উহার অধীনস্থ (Subsidiary) বা সহযোগী (Associate) বা নিয়ন্ত্রণকারী (Holding or Parent) কোম্পানির সহিত কোন প্রকার সংশ্লিষ্টতা থাকে।

(৩) কোন অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টিকারী উহার বিশেষায়িত গ্রাহকের পক্ষে কেবলমাত্র উহার অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টি কার্যক্রমের জন্য আবেদন করিতে পারিবে;

(৪) বাজার সৃষ্টিকারীর সহিত বিশেষায়িত গ্রাহকের দ্বি-পাক্ষিক চুক্তি থাকিবে এবং বিশেষায়িত গ্রাহক উহার হিসাবে লেনদেনের জন্য বাজার সৃষ্টিকারীকে সর্ব প্রকার ক্ষমতা অর্পণ করিবেঃ

তবে শর্ত থাকে যে, চুক্তিপত্রের শর্তানুযায়ী বিশেষায়িত গ্রাহকের হিসাব এবং বাজার সৃষ্টিকারীর নিজস্ব হিসাবে প্রতিটি লেনদেন আনুপাতিক হারে সম্পন্ন বা কার্যকর করিতে হইবেঃ

আরো শর্ত থাকে যে, উক্ত দ্বিপাক্ষিক চুক্তিপত্রে, অন্যান্যের মধ্যে, বিশেষায়িত গ্রাহক এবং বাজার সৃষ্টিকারীর লেনদেনে অংশগ্রহণের আনুপাতিক হার (শতকরা হারে) উল্লেখ থাকিতে হইবেঃ

আরো অধিক শর্ত যে, বিশেষায়িত গ্রাহক বা গ্রাহকদের বাজার সৃষ্টিকারীর সহিত লেনদেনে অংশ গ্রহণের হার শতকরা পঞ্চাশ (৫০%) ভাগের বেশী হইতে পারিবেনা ঃ

আরো অধিক শর্ত থাকে যে, বাজার সৃষ্টিকারী উহার বিশেষায়িত গ্রাহকের হিসাবে প্রতিদিনের লেনদেন সংঘটিত হইবার ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে বিশেষায়িত গ্রাহকের নিকট হইতে উক্ত লেনদেনের নিশ্চিতিপত্র (Confirmation note) গ্রহণ পূর্বক সংরক্ষণ করিবে;

(৫) বাজার সৃষ্টিকারীর সহিত বিশেষায়িত গ্রাহকের দ্বি-পাক্ষিক চুক্তিপত্র এবং ক্ষমতা অর্পণ পত্রের কপি বিশেষায়িত গ্রাহক হিসাবে অর্ন্তভূক্তির আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট এক্সচেঞ্জে দাখিল করিতে হইবে এবং উহা একচেঞ্জ কর্তৃক অনুমোদিত (Vetted) হইতে হইবে;

(৬) আবেদনটি এক্সচেঞ্জ কর্তৃক গৃহীত হইলে কোন নির্দিষ্ট অনুমোদিত সিকিউরিটিজ এর জন্য উক্ত গ্রাহককে বিশেষায়িত গ্রাহক হিসাবে নির্ধারণ বা বিবেচনা করা যাইবে;

(৭) কোন বিশেষায়িত গ্রাহক একই সাথে কোন নির্দিষ্ট অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টির জন্য একাধিক বাজার সৃষ্টিকারীর বিশেষায়িত গ্রাহক হিসাবে অন্তর্ভূক্ত হইতে পারিবে না;

(৮) কোন বাজার সৃষ্টিকারী কোন নির্দিষ্ট অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টির জন্য তিনের অধিক বিশেষায়িত গ্রাহককে অন্তর্ভূক্ত করিতে পারিবে না;

(৯) বিশেষায়িত গ্রাহক বাজার সৃষ্টিকারীর মাধ্যমে সংশ্লিষ্ট এক্সচেঞ্জ এর নিকট হইতে অন্ততঃ পনের দিন পূর্বে অনুমতি গ্রহণ ব্যতিরেকে উহার হিসাবে সংশ্লিষ্ট সিকিউরিটিজের লেনদেন বন্ধ বা স্থগিত করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, এক্সচেঞ্জ এর অনুমতি সাপেক্ষে কোন বিশেষায়িত গ্রাহক উহার হিসাবে কোন সিকিউরিটিজ এর লেনদেন বন্ধ বা স্থগিত করিলে, উক্ত বন্ধ বা স্থগিতকরণের তারিখ হইতে অন্ততঃ ৯০ (নব্বই) দিন অতিবাহিত না হইলে উহা কোন সিকিউরিটিজ এর বাজার সৃষ্টির জন্য বিশেষায়িত গ্রাহক হিসাবে অর্ন্তভূক্তি বা পূণ: অর্ন্তভূক্তির জন্য যোগ্য হইবে না;

(১০) সংশ্লিষ্ট এক্সচেঞ্জ কোন বাজার সৃষ্টিকারীর বিশেষায়িত গ্রাহকের অন্তর্ভূক্তির আবেদন গ্রহণ বা বাতিল বা শর্ত আরোপ সাপেক্ষে গ্রহণ করিতে পারিবে;

(১১) কোন অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টিকারী উহার বিশেষায়িত গ্রাহকের নিম্ন বর্ণিত বিষয়াদি অনতিবিলম্বে সংশ্লিষ্ট এক্সচেঞ্জকে অবহিত করিবে:-

(১) কমিশন বা সংশ্লিষ্ট এক্সচেঞ্জের নিকট পেশকৃত কোন তথ্য বা বিবরণীতে কোন বস্তুগত পরিবর্তন ঘটিলে;

(২) গ্রাহক কর্তৃক অধ্যাদেশ বা আইন বা উহাদের অধীন প্রণীত কোন বিধি বা আদেশ বা নির্দেশনা অমান্য বা লঙ্ঘিত হইলে;

(৩) কমিশন কর্তৃক উহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইলে; এবং

(৪) কমিশন কর্তৃক উহার বিরুদ্ধে কোন নিষেধাজ্ঞা আরোপ করা হইলে।

(১২) বিশেষায়িত গ্রাহকের হিসাবে সংঘটিত লেনদেন এর পৃথক হিসাব, নথিপত্র সংরক্ষণ করিতে হইবে এবং উহা পৃথকভাবে কমিশন বা স্টক এক্সচেঞ্জে দাখিল করিতে হইবে এবং গ্রাহকের হিসাবে লেনদেন এর জন্য বাজার সৃষ্টিকারী সম্পূর্ণরূপে দায়বদ্ধ থাকিবে।

(১৩) লেনদেনের ক্ষেত্রে বিশেষায়িত গ্রাহক উহার জন্য প্রযোজ্য সংশ্লিষ্ট বিধি-বিধান পরিপালন করিবে।

৯। **বাজার সৃষ্টিকারীর সুবিধাদি, ইত্যাদি ঃ** সংশ্লিষ্ট এক্সচেঞ্জ, ডিপজিটরি এবং ক্লিয়ারিং অ্যান্ড সেটল্‌মেন্ট কোম্পানি কমিশনের পূর্বানুমোদনক্রমে প্রযোজ্য নীতিমালা প্রণয়ন করত: বাজার সৃষ্টিকারীকে ফি এবং অন্যান্য সুবিধাদি ও প্রণোদনা প্রদান করিবে।

১০। **বাজার সৃষ্টিকারী কর্তৃক পালনীয় বিষয়সমূহ-**(১) প্রত্যেক বাজার সৃষ্টিকারী-

(ক) সর্বোচ্চ সততা, বিশ্বস্ততা, দক্ষতা ও নিষ্ঠার সহিত উহার কার্যক্রম বা বিশেষায়িত গ্রাহকের পক্ষে কার্যক্রম পরিচালনা করিবে এবং আইন, অধ্যাদেশ, এই বিধিমালার বিধানাবলী, নিবন্ধন সনদের শর্তাবলী এবং সংশ্লিষ্ট এক্সচেঞ্জের প্রবিধান, উহার উপ-আইনসমূহ ও বিধি ৭ এর উপ-বিধি (১) এ উল্লিখিত বাজার সৃষ্টিকারী নিয়োগের ত্রি-পক্ষীয় চুক্তিপত্রের শর্তাবলি মানিয়া চলিবে;

(খ) কমিশন ও সংশ্লিষ্ট এক্সচেঞ্জের নিকট কোন অসত্য বা ভ্রান্তিপূর্ণ তথ্য পেশ করিবে না;

(গ) কমিশন ও সংশ্লিষ্ট এক্সচেঞ্জের নিকট পেশকৃত কোন তথ্য বা বিবরণীতে কোন বস্তুগত পরিবর্তন ঘটিলে, অন্যান্যের মধ্যে, নিম্ন বর্ণিত বিষয়াদি অনতিবিলম্বে উহা কমিশন ও সংশ্লিষ্ট এক্সচেঞ্জকে অবহিত করিবে, যথা-

(অ) বিধি ৪ এর উপ-বিধি (২) এ নির্ধারিত বাজার সৃষ্টিকারীর নীট সম্পদ কোন কারণে অবনমিত হইলে;

(আ) কোন কারণে এই বিধিতে বর্ণিত বাজার সৃষ্টিকারী বা কোন বিশেষায়িত গ্রাহক যোগ্যতা হারাইলে;

(ই) কোন কারণে বাজার সৃষ্টিকারী বা কোন বিশেষায়িত গ্রাহকের রেজিষ্ট্রার্ড অথবা ব্যবসায়িক ঠিকানা পরিবর্তিত হইলে; এবং

(ঈ) কোন কারণে বাজার সৃষ্টিকারী বা কোন বিশেষায়িত গ্রাহকের নাম অথবা উহার মালিকানা বা পরিচালনা পর্ষদের পরিবর্তন হইলে।

(২) প্রত্যেক বাজার সৃষ্টিকারী উহার এবং বিশেষায়িত গ্রাহকের বাজার সৃষ্টিকরণ সংশ্লিষ্ট (Market making related) সকল হিসাবরক্ষণ বহি, দলিলপত্র এবং তথ্যাদি অন্ততঃ সাত বৎসর পৃথকভাবে এবং যথাযথভাবে সংরক্ষণ করিবে।

(৩) প্রত্যেক বাজার সৃষ্টিকারী, উপবিধি (১) ও (২) এ বর্ণিত বাধ্যবাধকতা ছাড়াও, সংশ্লিষ্ট এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত কোন শর্তাদি, বাধ্যবাধকতা, দায়বদ্ধতা, ইত্যাদি আবশ্যিকভাবে মানিয়া চলিবে।

১১। **বাজার সৃষ্টিকারীর কার্যক্রম পরিচালনা, ইত্যাদি**।- (১) প্রতিটি কার্যদিবসে বাজার সৃষ্টিকারী অনুমোদিত সিকিউরিটিজ এর উপযুক্ত মূল্য নিশ্চিতকরণ তথা মূল্যের অসমতা (imbalances) দুরীকরণ বা হ্রাসকরণের লক্ষ্যে প্রয়োজনীয় তারল্য সরবরাহের ব্যবস্থা গ্রহন করিবে এবং বাজারের আচরণের প্রেক্ষিতে উহার ভূমিকা নির্ধারণ করিবে।

(২) বাজার সৃষ্টিকারী বাজার সৃষ্টির জন্য কোন অনুমোদিত সিকিউরিটিজ নিম্নোক্ত শর্তাদি ও প্রক্রিয়ায় নিজ হিসাবে (own account) এবং উহার বিশেষায়িত গ্রাহকের হিসাবে ক্রয়-বিক্রয় করিবেঃ

(ক) প্রতিটি কার্যদিবসে ক্রয়াদেশ মূল্য (bid price) এবং বিক্রয়াদেশ মূল্য (offer price) প্রস্তাব (quote) করিবে। মূল্য প্রস্তাবের (price quotation) সময় একইসাথে ক্রয়াদেশ মূল্য (bid price) এবং বিক্রয়াদেশ মূল্য (offer price) প্রস্তাব (quote) করিতে হইবে। ক্রয়াদেশ মূল্য (bid price) এবং বিক্রয়াদেশ মূল্য (offer price) সন্নিহিত (proximate) সময়ে একই হইতে পারিবে নাঃ

তবে শর্ত থাকে যে, কোন অনুমোদিত সিকিউরিটিজ এর লেনদেন সাময়িকভাবে বন্ধ বা স্থগিত থাকাকালে উক্ত সিকিউরিটিজ এর ক্রয়াদেশ ও বিক্রয়াদেশ প্রদানের দায়দায়িত্ব সাময়িকভাবে স্থগিত থাকিবে;

(খ) কোন নির্দিষ্ট সময়ে প্রদত্ত ক্রয়াদেশ মূল্য (bid price) ও বিক্রয়াদেশ মূল্য (offer price) উহার পূর্বোক্ত ক্রয়াদেশ মূল্য (bid price) ও বিক্রয়াদেশ মূল্য (offer price) হইতে সর্বোচ্চ ৫% (পাঁচ শতাংশ) কম বা বেশী হইতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, ক্রয়াদেশ মূল্য (bid price) ও বিক্রয়াদেশ মূল্য (offer price) এর ব্যবধান (spread) সর্বোচ্চ ৫% (পাঁচ শতাংশ) হইতে পারিবেঃ

আরো শর্ত থাকে যে, অনুমোদিত সিকিউরিটিজ এর ধরণ বা বাজার মূল্য বিবেচনায় সংশ্লিষ্ট এক্সচেঞ্জ ক্রয়াদেশ মূল্য (bid price) ও বিক্রয়াদেশ মূল্য (offer price) এর পার্থক্য বা ব্যবধান ৫% (পাঁচ শতাংশ) এর নিম্নে নির্ধারণ করিয়া দিতে পারিবে;

(গ) মূল্য নেতা (price leader) এর ন্যায় অনুমোদিত সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় করা যাইবে না;

(ঘ) প্রতিটি ক্রয়াদেশ (bid) বা বিক্রয়াদেশের (offer) ন্যূনতম পরিমাণ এক্সচেঞ্জ কর্তৃক সময় সময় প্রণীত নীতিমালা (Guidelines) দ্বারা নির্ধারিত হইবে;

(ঙ) প্রস্তাবিত দরে (quoted price) লেনদেন কার্যকর নিশ্চিত করিতে হইবে;

(চ) অনুমোদিত সিকিউরিটিজ এর ইস্যুয়ার বা ফান্ড এর নিকট হইতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কমিশন বা অন্য কোন প্রকার আর্থিক সুবিধা গ্রহণ করিতে পারিবে না;

(ছ) অনুমোদিত সিকিউরিটিজ এর কোন সুবিধাভোগী ব্যবসায় (insider trading) নিয়োজিত হইতে পারিবে না;

(জ) প্রদত্ত দরে একনাগারে একটি নির্দিষ্ট সময়ব্যাপী কোন অনুমোদিত সিকিউরিটিজ এর লেনদেন না হইলে বাজারের সাথে সামঞ্জস্য রাখিয়া, উপরোক্ত দফা (ক) ও (খ) এর বিধান পরিপালন সাপেক্ষে, উহার দর পরিবর্তন করিতে পারিবে, এবং সর্বক্ষেত্রে প্রস্তাবিত দর (Quoted Price) উক্ত সিকিউরিটিজ এর জন্য প্রযোজ্য সার্কিট ব্রেকারের সীমা অতিক্রম করিতে পারিবে না;

(ঝ) দফা (জ) এ উল্লিখিত দর পরিবর্তনের ন্যূনতম সময় এক্সচেঞ্জ কর্তৃক সময় সময় প্রণীত নীতিমালা (Guidelines) দ্বারা নির্ধারিত হইবে;

(ঞ) অনুমোদিত সিকিউরিটিজ, উহার ইস্যুয়ার বা ফান্ড বা সম্পদ ব্যবস্থাপক বা ট্রাস্টি বা কাস্টডিয়ান, উদ্যোক্তা, পরিচালক বা কর্মচারীর কোন সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের জন্য গ্রহণ করিতে পারিবে না;

(ট) প্রতিটি অনুমোদিত সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের জন্য অন্ততঃ একজন অনুমোদিত প্রতিনিধি নিযুক্ত করিয়া সংশ্লিষ্ট এক্সচেঞ্জকে অবহিত করিবে এবং এক্ষেত্রে কোন পরিবর্তন হইলে তাৎক্ষনিকভাবে তা সংশ্লিষ্ট এক্সচেঞ্জকে অবহিত করিবে।

১২। **অনুমোদিত সিকিউরিটিজ ধার গ্রহণের মাধ্যমে বিক্রয়** (Short Selling)ঃ (১) অধ্যাদেশ বা আইন বা এই বিধিমালা বা অন্য কোন বিধিমালা, প্রবিধানমালা বা কোন আদেশ বা নির্দেশ পরিপালন সাপেক্ষে বাজার সৃষ্টিকারী কর্তৃক উহার নিজস্ব হিসাবে কোন অনুমোদিত সিকিউরিটিজ ধার গ্রহণের মাধ্যমে বিক্রয় (Short Selling) করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, বাজার সৃষ্টিকারী কর্তৃক উহার নিজস্ব হিসাবে কোন অনুমোদিত সিকিউরিটিজ ধার গ্রহণের মাধ্যমে বিক্রয় (Short Selling) কোন ক্রমেই উহার নিজস্ব হিসাবে মোট বিক্রয়ের ৩০% (ত্রিশ শতাংশ) এর অধিক হইতে পারিবে নাঃ

আরো শর্ত থাকে যে, অনুমোদিত সিকিউরিটিজ ইস্যুয়ার এর উদ্যোক্তা, পরিচালক, কর্মকর্তা বা কর্মচারী বা ১০% (দশ শতাংশ) বা উহার অধিক সিকিউরিটিজ ধারণকারীর (বাজার সৃষ্টিকারী ব্যতিত) নিকট হইতে বিক্রয়ের (Short Selling) উদ্দেশ্যে সিকিউরিটিজ ধার করা যাইবে না।

(২) বিক্রয়ের উদ্দেশ্যে ধারকৃত সিকিউরিটিজ এর লেনদেন এবং সেটল্‌মেন্ট এক্সচেঞ্জ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে কার্যকর নিশ্চিত করিতে হইবে।

(৩) বাজার সৃষ্টিকারী কর্তৃক বিক্রয়ের উদ্দেশ্যে ধারকৃত সিকিউরিটিজ এর বিক্রয় মূল্য উক্ত সিকিউরিটিজ এর সর্বোত্তম চলতি বাজার মূল্যের (best current ask price in the exchange) কম হইতে হইবে।

(৪) বিক্রয়ের উদ্দেশ্যে বিশেষায়িত গ্রাহকের হিসাবে কোন অনুমোদিত সিকিউরিটিজ এর ধার গ্রহণ করা যাইবে না।

(৫) বিশেষায়িত গ্রাহকের হিসাবে কোন অনুমোদিত সিকিউরিটিজ ক্রয়ের উদ্দেশ্যে বাজার সৃষ্টিকারী কর্তৃক ধার বা ঋণ প্রদান করা যাইবে না।

(৬) সংশ্লিষ্ট বিধিমালা বা প্রবিধানমালা মোতাবেক বাজার সৃষ্টিকারী উহার নিজস্ব হিসাবে ব্যাংক ঋণসহ ধার গ্রহণ ও প্রদান খাতে অনুমোদিত সিকিউরিটিজ ব্যবহার করিতে পারিবে ।

(৭) উক্ত উদ্দেশ্য ব্যতিরেকে, বাজার সৃষ্টিকারী কর্তৃক উহার নিজস্ব হিসাব বা বিশেষায়িত গ্রাহকের হিসাবে ক্রয়কৃত কোন অনুমোদিত সিকিউরিটিজ কেবলমাত্র বাজার সৃষ্টির জন্য বিক্রয় করা যাইবে।

১৩। **সেটল্‌মেন্ট পদ্ধতি**।- বাজার সৃষ্টির জন্য অনুমোদিত সিকিউরিটিজ এর সেটল্‌মেন্ট, প্রযোজ্য ক্ষেত্রে, **সংশ্লিষ্ট** এক্সচেঞ্জ বা ক্লিয়ারিং ও সেটল্‌মেন্ট কোম্পানির নির্ধারিত পদ্ধতিতে সম্পন্ন হইবে।

১৪। **রিপোর্টিং, ইত্যাদি**।- (১) প্রত্যেক বাজার সৃষ্টিকারী উহার নিজস্ব হিসাব বা বিশেষায়িত গ্রাহকের হিসাবে প্রতিদিনের লেনদেন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উহার পরিপালন কর্মকর্তার প্রত্যয়নসহ পরবর্তী দিনের লেনদেন শুরুর অন্ততঃ ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে সংশ্লিষ্ট এক্সচেঞ্জে মুদ্রিত (Printed) অথবা ইলেকট্রনিক (Electronic) আকারে দাখিল করিবে এবং উক্ত এক্সচেঞ্জ এতদ্‌সংক্রান্ত তথ্যাদি লেনদেন শুরুর পূর্বে উহার ট্রেডিং মনিটরে প্রকাশ করিবে।

(২) প্রতিটি প্রদত্ত দর ও পূর্বোক্ত লেনদেনের দর, পরিমাণসহ সংশ্লিষ্ট এক্সচেঞ্জের ট্রেডিং মনিটরে পরবর্তী দর প্রস্তাব না করা পর্যন্ত প্রচার করিতে হইবে।

(৩) প্রতিটি সিকিউরিটিজ এর জন্য প্রত্যেক বাজার সৃষ্টিকারীর সময়সহ প্রদত্ত দর প্রস্তাব (Price Qoutation) এবং বাজার সৃষ্টিকারীর নিজস্ব হিসাব বা উহার বিশেষায়িত গ্রাহকের হিসাবে সংঘটিত লেনদেনের তথ্যাদি সংশ্লিষ্ট এক্সচেঞ্জ পৃথকভাবে সংরক্ষণ করিবে।

১৫। **তথ্য প্রাপ্তির অধিকার**।- প্রত্যেক বাজার সৃষ্টিকারীর সংশ্লিষ্ট বা অনুমোদিত সিকিউরিটিজ এর ইস্যুয়ার বা ফান্ডের নিকট হইতে নিয়মিতভাবে সংশ্লিষ্ট সিকিউরিটিজ এর তথ্যসহ ইস্যুয়ার বা ফান্ডের সার্বিক কার্যক্রম সংক্রান্ত প্রকাশিত তথ্যাদি পাইবার অধিকার থাকিবে, এবং ইস্যুয়ার বা ফান্ড এতদসংক্রান্ত তথ্যাদি বাজার সৃষ্টিকারীকে সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

১৬। **পৃথক ট্রেডিং ব্যবস্থার মাধ্যমে ক্রয়-বিক্রয়**।- (১) কেবল মাত্র এক্সচেঞ্জ কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত পৃথক ট্রেডিং ব্যবস্থার মাধ্যমে বাজার সৃষ্টির জন্য কোন অনুমোদিত সিকিউরিটিজ এর ক্রয়-বিক্রয় করা যাইবে।

(২) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সংশ্লিষ্ট এক্সচেঞ্জ, এই বিধিমালা গেজেটে প্রকাশিত হইবার অন্যূন ৩(তিন) মাসের মধ্যে, অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টি কার্যক্রমের জন্য পৃথক ট্রেডিং ব্যবস্থা এবং বাজার সৃষ্টিকারী নিয়োগের শর্তাবলী, চুক্তিপত্রের শর্তাবলী, লেনদেনের শর্তাবলী, সিকিউরিটিজ ধার প্রদান ও গ্রহণ (Securities lending & borrowing ) এবং ধারকৃত সিকিউরিটিজ বিক্রয়ের (Short Selling) শর্তাবলী, বাজার সৃষ্টিকারী বা উহার বিশেষায়িত গ্রাহকের দায়বদ্ধতা-বাধ্যবাধকতা এবং এতদ্‌সংক্রান্ত প্রয়োজনীয় প্রবিধানমালা প্রণয়ন করিবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট এক্সচেঞ্জ উল্লেখিত সময়ের মধ্যে উক্ত বিধান প্রতিপালন করিতে না পারিবার যুক্তিসংগত কারণ উল্লেখ করিয়া আবেদন করিলে, কমিশন, উক্তরূপ প্রতিপালনের সময়সীমা বর্ধিত করিতে পারিবে।

১৭। **নিবন্ধন সনদ বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি**। – (১) কোন বাজার সৃষ্টিকারী এই বিধিমালায় বর্ণিত যোগ্যতা হারাইলে অথবা আইন, অধ্যাদেশ, এই বিধিমালা, বা সংশ্লিষ্ট এক্সচেঞ্জের প্রবিধান বা উপ-আইন বা এই বিধিমালার অধীন প্রদত্ত নিবন্ধন সনদের কোন শর্ত, ত্রিপক্ষীয় চুক্তিপত্রের কোন শর্ত ভঙ্গ বা অমান্য করিলে, কমিশন উক্ত বাজার সৃষ্টিকারীর সনদ বাতিল কিংবা কোন নির্ধারিত সময়ের জন্য সনদের কার্যকারিতা স্থগিত করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, এই বিধির অধীনে কোন সনদ বাতিল বা স্থগিত করণের পূর্বে কমিশন উহার কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট বাজার সৃষ্টিকারীকে অন্ততঃ সাত দিনের নোটিশ প্রদানপূর্বক উহার বক্তব্য লিখিতভাবে উপস্থাপনের সুযোগ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে নোটিশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট বাজার সৃষ্টিকারী তাহার বক্তব্য নির্ধারিত সময়ের মধ্যে উপস্থাপন করিলে সেইক্ষেত্রে কমিশন উক্ত বক্তব্য বিবেচনাক্রমে, এবং প্রয়োজনে উহার প্রধান নির্বাহীকে ব্যক্তিগত বা প্রতিনিধির মাধ্যমে শুনানীর সুযোগ প্রদান করিয়া, প্রস্তাবিত বাতিল বা স্থগিতকরণ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং সিদ্ধান্তটি লিখিতভাবে সংশ্লিষ্ট বাজার সৃষ্টিকারীকে জানাইয়া দিবে, এবং সিদ্ধান্তের একটি অনুলিপি সংশ্লিষ্ট এক্সচেঞ্জ ও ইস্যুয়ার বা সম্পদ ব্যবস্থাপককে প্রদান করিবে ।

(৩) কমিশন কোন বিশেষ ক্ষেত্রে যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, এই বিধির অধীনে কোন নিবন্ধন সনদ বাতিলের সিদ্ধান্ত গ্রহণের পূর্বেই সনদের কার্যকারিতা স্থগিত করা প্রয়োজন তাহা হইলে, কমিশন উপ-বিধি (১) এর শর্তানুসারে নোটিশ জারির পূর্বে বা পরে যে কোন সময় উক্ত সনদের কার্যকারিতা স্থগিত করিতে পারিবে, এবং তাহা করা হইলে সিদ্ধান্তটি সম্পর্কে সংশ্লিষ্ট বাজার সৃষ্টিকারী, এক্সচেঞ্জ ও ইস্যুয়ার বা ফান্ড বা সম্পদ ব্যবস্থাপককে অবহিত করিবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এর অধীনে কোন নিবন্ধন সনদের কার্যকারিতা স্থগিত করা হইলে সংশ্লিষ্ট বাজার সৃষ্টিকারী উক্ত সনদের ভিত্তিতে কোন অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টিকারী হিসাবে নিযুক্ত হইতে বা বাজার সৃষ্টির কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।

১৮। **পরিদর্শন ও তদন্ত**।- (১) এই বিধিমালার অধীনে কোন বাজার সৃষ্টিকারী তাহার দায়িত্ব এবং কার্যাবলী সম্পাদন করিতেছেন কিনা এবং এই বিধিমালার বিধানাবলী পালিত হইতেছে কিনা তাহা নিশ্চিতকরণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট এক্সচেঞ্জ, নিজ উদ্যোগে, অথবা তৎকর্তৃক প্রাপ্ত কোন অভিযোগ বা তথ্যের ভিত্তিতে প্রয়োজন মনে করিলে, যে কোন বাজার সৃষ্টিকারী বা উহার বিশেষায়িত গ্রাহকের হিসাব বহি, রেজিষ্টার এবং অন্যান্য দলিলপত্র এবং উহার কার্যক্রম পরিদর্শন করিতে পারিবে এবং এতদুদ্দেশ্যে এক্সচেঞ্জের যে কোন কর্মকর্তা বা অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পরিদর্শক হিসাবে নিয়োগ করিতে পারিবে এবং উক্ত পরিদর্শন সমাপ্তির ৭ (সাত) কর্মদিবসের মধ্যে এতদসংশ্লিষ্ট প্রতিবেদন এক্সচেঞ্জে দাখিল করিতে হইবে। সংশ্লিষ্ট এক্সচেঞ্জের মতামত সহ উক্ত প্রতিবেদনটি পরবর্তী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে কমিশনে প্রেরণ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট একচেঞ্জ কর্তৃক বাজার সৃষ্টিকারী বা উহার বিশেষায়িত গ্রাহকের কোন বিষয় পরিদর্শন কালে উক্ত বাজার সৃষ্টিকারী, উহার সকল সদস্য, পরিচালক, কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীকে জেরা করার অনুমতিসহ এই ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা প্রদান করিবে;

আরো শর্ত থাকে যে, বাজার সৃষ্টিকারী বা উহার কোন বিশেষায়িত গ্রাহকের কোন বিষয় পরিদর্শনের প্রয়োজনে সংশ্লিষ্ট এক্সচেঞ্জ কর্তৃক নিযুক্ত কোন পরিদর্শন কর্মকর্তা কর্তৃক তলবকৃত হিসাবরক্ষণ বহি, দলিলপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট বাজার সৃষ্টিকারী এক্সচেঞ্জ বা পরিদর্শনকারী কর্মকর্তার নিকট পেশ করিবে।

(২) এই বিধিমালা অনুযায়ী কোন বাজার সৃষ্টিকারী তাহার দায়িত্ব এবং কার্যাবলী সম্পাদন করিতেছে কিনা এবং এই বিধিমালার বিধানাবলী পরিপালিত হইতেছে কিনা তাহা নিশ্চিতকরণের উদ্দেশ্যে আইন বা অধ্যাদেশের অধীন

কমিশন, নিজ উদ্যোগে, অথবা তৎকর্তৃক প্রাপ্ত কোন অভিযোগ বা তথ্যের ভিত্তিতে প্রয়োজন মনে করিলে, যে কোন বাজার সৃষ্টিকারী বা উহার বিশেষায়িত গ্রাহকের যাবতীয় বিষয়াবলী তদন্ত করিতে পারিবে।

১৯। **আদেশ বা নির্দেশ পরিপালন**।- এই বিধিমালায় উল্লিখিত পরিপালনীয় বিধানসমূহ আইন দ্বারা প্রদত্ত আদেশ বা নির্দেশ পরিপালন হিসাবে গণ্য হইবেঃ

তবে শর্ত থাকে যে, কমিশন,বাজার সৃষ্টিকারীর কার্যক্রম পরিচালনা বা নিয়ন্ত্রণের উদ্দেশ্যে সময় সময় এই বিধিমালা বা আইন বা অধ্যাদেশের অধীন কোন আদেশ বা নির্দেশও জারী করিতে পারিবে যা প্রত্যেক বাজার সৃষ্টিকারী বা উহার বিশেষায়িত গ্রাহক, এক্সচেঞ্জ ও অনুমোদিত সিকিউরিটিজ এর ইস্যুয়ার বা ফান্ড বা সম্পদ ব্যবস্থাপক সম্পূর্ণরূপে পরিপালনে বাধ্য থাকিবে।

২০। **অব্যাহতি প্রদানের ক্ষমতা**।- (১) কমিশন, স্বীয় উদ্যোগে কিংবা কোন ব্যক্তির আবেদনের ভিত্তিতে, জনস্বার্থ তথা পুঁজি বাজারের স্বার্থ সংশ্লিষ্ট যাবতীয় বিষয়াদি বিবেচনাপূর্বক এবং কারণ লিপিবদ্ধ করিয়া এই বিধিমালার কোন বিধান পরিপালন হইতে কোন ব্যক্তিকে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

(২) এই বিধিমালার উদ্দেশ্য পরিপূরণকল্পে উপবিধি (১) এর পন্থা অনুসরণ করিয়া, কমিশন, অন্য কোন বিধি বা প্রবিধি বা আদেশ বা নির্দেশের কোন বিধান পরিপালন হইতেও অব্যাহতি প্রদান করিতে পারিবে।

২১। **শাস্তি**।- যদি কেহ এই বিধিমালায় উল্লিখিত কোন বিধি, উপ-বিধি, আদেশ বা নির্দেশ বা কোন শর্তাদি ভংগ করে তবে তাহার ক্ষেত্রে আইন বা অধ্যাদেশে বর্ণিত পদ্ধতিতে নির্ধারিত শাস্তি প্রযোজ্য হইবে।

[১][২১ক। **কমিশনের অনুকূলে ফি, ইত্যাদি জমা প্রদান**।-বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে বিভিন্ন প্রকার ফি, ইত্যাদি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করা যাইবে।]

২২। **রহিতকরণ ও হেফাজত**।- (১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০০০, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার অধীকৃত কোন কার্যক্রম, গৃহীত কোন ব্যবস্থা, প্রদত্ত কোন আদেশ, নির্দেশ বা নিবন্ধন সনদ, দায়েরকৃত কোন দরখাস্ত, আবেদনপত্র বা আপীল, জমাকৃত কোন ফিস, রক্ষিত কোন রেকর্ড বা দলিল দস্তাবেজ, পরিচালিত কোন পরিদর্শন বা তদন্ত, পেশকৃত কোন প্রতিবেদন বা জারীকৃত কোন নোটিশ এই বিধিমালার অধীন কৃত, গৃহীত, প্রদত্ত, দায়েরকৃত, জমাকৃত, রক্ষিত, পরিচালিত, পেশকৃত বা জারীকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

[১] প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৪/প্রশাসন/১২৪, তারিখ ৩০ জুন ২০২১ এর দ্বারা বিধি ২১ক সংযোজিত হইয়াছে, যাহা আগষ্ট ২৪, ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হইয়াছে।

## তফসিল

(ফরমসমূহ)

### ফরম ক

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ এর বিধি ৫(১) দ্রষ্টব্য]

বাজার সৃষ্টিকারী  হিসাবে নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নিকট দরখাস্ত

১। দরখাস্তকারীর নাম ঃ

২। দরখাস্তকারীর ঠিকানা ঃ

[ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।]

৩। দরখাস্তকারীর মূলধন ঃ
(ক) অনুমোদিত মূলধন ঃ
(খ) পরিশোধিত মূলধন ঃ
[মেমোরেনডাম অ্যান্ড আর্টিকেলস্ অব এ্যাসোসিয়েশন এর কপি এবং নিরীক্ষিত আর্থিক বিবরণী দাখিল করুন।]

৪। দরখাস্তকারী যে এক্সচেঞ্জের ট্রেকহোল্ডার উহার বিবরণ ঃ

(ক) নাম ও ঠিকানা ঃ

(খ) ট্রেক নং ঃ

(গ) ট্রেক প্রাপ্তির তারিখ ঃ

৫। দরখাস্তকারী কি হিসাবে সনদ প্রাপ্ত (অপ্রযোজ্যটি কাটিয়া দিন)। ঃ স্টক ডিলার/স্টক ব্রোকার-ডিলার

৬। দরখাস্তকারীর আইনগত মর্যাদা (অপ্রযোজ্যটি কাটিয়া দিন)। ঃ কোম্পানি/সংবিধিবদ্ধ সংস্থা

৭। দরখাস্তকারীর পক্ষে স্বাক্ষরকারী ব্যক্তির নাম ও প্রদত্ত ক্ষমতার বিবরণ (ক্ষমতা পত্রের অনুলিপি দাখিল করুন)। ঃ

৮। দরখাস্তকারীর (ক) অফিসের ফোন/ ফ্যাক্স/ ই-মেইল নং ঃ
(খ) প্রধান নির্বাহীর বাসার ফোন /ফ্যাক্স/ ই-মেইল নং- ঃ

৯। দরখাস্তকারী কোম্পানির ঃ
পরিচালকগনের নাম, ঠিকানা এবং অন্য যে সকল কোম্পানিতে/প্রতিষ্ঠানে মালিকানা বা ব্যবসায়িক সম্পর্ক রহিয়াছে তাহার বিবরণ ঃ

১০। দরখাস্তকারীর সিকিউরিটি ব্যবসায় অভিজ্ঞতা ঃ

১১। দরখাস্তকারীর নীট সম্পদ ও নীট মূলধন স্থিতি (..... তারিখে) ঃ
[নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিল করুন]

১২। দরখাস্তকারী কোন মার্চেন্ট ব্যাংকার, পোর্টফোলিও ম্যানেজার, মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি, হেফাজতকারী বা সম্পদ ব্যবস্থাপনা কোম্পানি কিনা ? ঃ

১৩। দরখাস্তকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য বা ৫% বা ততোধিক শেয়ার ধারক বা উহার প্রধান নির্বাহী কর্মকর্তা বা পরিপালন কর্মকর্তা কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দন্ডিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে- ঃ

১৪। দরখাস্তকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য বা ৫% বা ততোধিক শেয়ার ধারক বা উহার প্রধান নির্বাহী কর্মকর্তা বা পরিপালন কর্মকর্তা কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায়- ঃ

১৫। দরখাস্তকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য বা ৫% বা ততোধিক শেয়ার ধারক বা উহার প্রধান নির্বাহী কর্মকর্তা বা পরিপালন কর্মকর্তা কোন ব্যাংকের ঋণ খেলাপী কিনা? হইলে কোন ব্যাংক এবং কত টাকা- ঃ

১৬। দরখাস্তকারীর অনুমোদিত প্রতিনিধির নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, অফিসের ঠিকানা, শিক্ষাগত যোগ্যতার বিবরণ দিন- (প্রয়োজনে আলাদা কাগজ সংযুক্ত করুন) ঃ

১৭। দরখাস্তকারীর কর্মচারীর সংখ্যা উল্লেখ পূর্বক প্রধান নির্বাহী কর্মকর্তা এবং পরিপালন কর্মকর্তার নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, জাতীয় পরিচয়পত্রের নম্বর, জন্ম তারিখ এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ দিন (প্রয়োজনে আলাদা কাগজ সংযুক্ত করুন) ঃ

১৮। অন্যান্য তথ্যাদি (বিধি ৪-এ বর্ণিত যোগ্যতা) ঃ

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও সঠিক।

তারিখ ...................                                        দরখাস্তকারীর স্বাক্ষর ও সীল

**স্টক এক্সচেঞ্জের সুপারিশ**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরি-উক্ত দরখাস্তকারী ...................... (নাম লিখুন) অত্র ..................... এক্সচেঞ্জের একজন ট্রেকহোল্ডার। উহার ট্রেক নং ......... এবং ট্রেক প্রদানের তারিখ ...................। বাজার সৃষ্টিকারী হিসাবে উহাকে সনদ প্রদানের জন্য সুপারিশ করা হইল।

________________________

ব্যবস্থাপনা পরিচালক

নাম ........................

পদবী ও সীল ............

............. ষ্টক এক্সচেঞ্জ লিঃ

তারিখ ....................

(অপ্রযোজ্য অংশ কাটিয়া দিন)।

**ফরম খ**

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ এর বিধি ৫(৫) দ্রষ্টব্য]।

(কমিশনের মনোগ্রাম)

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

বাজার সৃষ্টিকারী নিবন্ধন সনদ

নিবন্ধন ক্রমিক নং ...................... সনদ প্রদানের তারিখ ...................

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন) এর ধারা ১০(১) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ অনুসারে এতদ্বারা ................... (নাম লিখুন) ................... ঠিকানা ................... কে একজন নিবন্ধিকৃত বাজার সৃষ্টিকারী হিসাবে এই নিবন্ধন সনদ প্রদান করা হইল। তিনি এই সনদে উল্লেখিত শর্তাধীনে সিকিউরিটি ক্রয়-বিক্রয় এবং এতদসংক্রান্ত কার্যাদি করিতে পারিবেন।

এই নিবন্ধন সনদ ................... তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং পরবর্তীতে উহা অত্র সনদে নির্দিষ্ট ছকে নবায়ন করা যাইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

সনদ প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর

নাম ঃ ..............................

পদবী ও সীল ........................

**সনদ নবায়ন**

(বিধি ৬ দ্রষ্টব্য)

| যে তারিখ পর্যন্ত নবায়িত | পরিবর্তিত ঠিকানা, আইনগত মর্যাদা ইত্যাদি | কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |
| ৪। | | |
| ৫। | | |
| ৬। | | |
| ৭। | | |
| ৮। | | |
| ৯। | | |
| ১০। | | |

(বাজার সৃষ্টিকারী এর নিবন্ধন সনদের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলী)

## সনদের শর্তাবলী

১। এই সনদ বিক্রয়, দান, বন্ধক বা অন্য কোন ভাবে হস্তান্তর বা দায়বদ্ধ করা যাইবে না এবং অন্য কেহ এই সনদের অধীন বাজার সৃষ্টিকারী হিসাবে সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা উহার কারবার করিতে পারিবেন না।

২। সনদ প্রাপক Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ এর অধীন কমিশন কর্তৃক সময় সময় প্রদত্ত বা জারীকৃত আদেশ বা নির্দেশ এবং এই সনদের সকল শর্ত মানিয়া চলিতে বাধ্য থাকিবেন।

৩। সনদ প্রাপক উপরি-উক্ত বিধিমালা অনুসারে প্রয়োজনীয় হিসাব বহি, রেজিস্ট্রার, নথিপত্র ও অন্যান্য দলিলাদি সংরক্ষণ করিবেন।

৪। সনদ প্রাপক তাহার বিষয়াবলী সংশ্লিষ্ট এক্সচেঞ্জ বা কমিশন কর্তৃক তদন্ত বা পরিদর্শনের ক্ষেত্রে তদন্তকারী বা পরিদর্শকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় দলিলাদি ও তথ্য সরবরাহ এবং যুক্তিসংগত সকল সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

৫। সনদ প্রাপকের নিকট কেহ কোন অভিযোগ উত্থাপন করিলে উক্ত অভিযোগ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে সনদ প্রাপক প্রয়োজনীয় প্রতিকার গ্রহনের জন্য যুক্তিসংগত এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন এবং তৎসম্পর্কে অভিযোগকারীকে অবহিত করিবেন।

৬। প্রতি ইংরেজী পঞ্জিকা বৎসরের ৩১ শে ডিসেম্বর পর্যন্ত প্রাপ্ত অভিযোগের প্রকৃতি ও সংখ্যা এবং তৎসম্পর্কে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সনদ প্রাপক পরবর্তী ত্রিশ দিনের মধ্যে সংশ্লিষ্ট এক্সচেঞ্জ ও কমিশনের নিকট একটি প্রতিবেদন দাখিল করিবেন।

৭। বাজার সৃষ্টিকারী যে এক্সচেঞ্জের মাধ্যমে ক্রয়-বিক্রয় করিবেন উহার সহিত সংশ্লিষ্ট আইন, বিধি, বিধান এবং অন্যান্য প্রযোজ্য শর্ত মানিয়া চলিবেন।

৮। বাজার সৃষ্টিকারীর কাঠামোতে বা উহার আইনগত মর্যাদার কোন পরিবর্তন হইলে তাহা উক্ত পরিবর্তনের ত্রিশ দিনের মধ্যে সংশ্লিষ্ট এক্সচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিবেন।

৯। বাজার সৃষ্টিকারী তাহার কাজকর্ম পরিচালনার জন্য প্রয়োজনীয় অফিস, সরঞ্জাম এবং লোকবলের ব্যবস্থা রাখিবেন।

১০। বাজার সৃষ্টিকারী, ব্রোকার-ডিলার সংশ্লিষ্ট বিধিমালা মোতাবেক ত্রৈমাসিক আর্থিক হিসাব বিবরণী, নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী ও অন্যান্য তথ্যাদি ও বিবরণী সংশ্লিষ্ট এক্সচেঞ্জ ও কমিশনের নিকট দাখিল করিবেন।

১১। বাজার সৃষ্টিকারী উহার ক্ষেত্রে প্রযোজ্য প্রতিদিন সিকিউরিটি ক্রয়-বিক্রয় করিবেন।

**ফরম গ**

[বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ এর বিধি ৬(২) দ্রষ্টব্য]

বাজার সৃষ্টিকারী হিসাবে প্রাপ্ত নিবন্ধন সনদ নবায়নের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নিকট দরখাস্ত।

১। দরখাস্তকারীর নাম ঃ

২। দরখাস্তকারীর ঠিকানা ঃ

[ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের মধ্যে সশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।]

৩। দরখাস্তকারীর মূলধন ঃ
(ক) অনুমোদিত মূলধন ঃ
(খ) পরিশোধিত মূলধন ঃ
[মেমোরেনডাম অ্যান্ড আর্টিকেলস্ অব এ্যাসোসিয়েশন এর কপি এবং নিরীক্ষিত আর্থিক বিবরণী দাখিল করুন।]

৪। দরখাস্তকারী যে এক্সচেঞ্জের ট্রেকহোল্ডার উহার বিবরণ ঃ

(ক) নাম ও ঠিকানা ঃ

(খ) ট্রেক নং ঃ

(গ) ট্রেক প্রাপ্তির তারিখ ঃ

৫। (ক) দরখাস্তকারীর নিবন্ধন নং ঃ তারিখ ঃ
(খ) নিবন্ধন মেয়াদ/ নবায়িত মেয়াদ শেষ হইবার তারিখ ঃ
(গ) যে মেয়াদের জন্য আবেদন (নবায়নের জন্য) ঃ

৬। দরখাস্তকারীর পক্ষে স্বাক্ষরকারী ব্যক্তির নাম ও প্রদত্ত ক্ষমতার বিবরণ (ক্ষমতা পত্রের অনুলিপি দাখিল করুন)। ঃ

৭। দরখাস্তকারীর (ক) অফিসের ফোন/ ফ্যাক্স/ ই-মেইল নং ঃ
(খ) প্রধান নির্বাহীর বাসার ফোন /ফ্যাক্স/ ই-মেইল নং- ঃ

৮। দরখাস্তকারী কোম্পানির ঃ
পরিচালকগনের নাম, ঠিকানা এবং অন্য যে সকল কোম্পানিতে/প্রতিষ্ঠানে মালিকানা বা ব্যবসায়িক সম্পর্ক রহিয়াছে তাহার বিবরণ ঃ

৯। দরখাস্তকারী কোন অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টিকারী হিসাবে কার্য সম্পাদন করিয়াছে/করিতেছে বা কোন অনুমোদিত সিকিউরিটিজ এর বাজার সৃষ্টিকারী হইতে অব্যাহতি গ্রহণ করিলে তাহার বিবরণ ঃ

১০। দরখাস্তকারীর নীট সম্পদ ও নীট মূলধন স্থিতি (..... তারিখে) ঃ
[নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিল করুন]

১১। । দরখাস্তকারী কোন বিশেষায়িত গ্রাহকের হিসাবে বাজার সৃষ্টি করিয়া থাকিলে বিশেষায়িত গ্রাহকের নাম, হিসাব নং, কোন্ অনুমোদিত সিকিউরিটিজ এর জন্য বিশেষায়িত গ্রাহকের হিসাবে লেনদেন/বাজার সৃষ্টি করিয়াছে তাহার বিবরণ ঃ

১২। দরখাস্তকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য বা ৫% বা ততোধিক শেয়ার ধারক বা উহার ঃ

প্রধান নির্বাহী কর্মকর্তা বা পরিপালন কর্মকর্তা কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দন্ডিত হইয়াছিল কিনা ? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে-

১৩। দরখাস্তকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য বা ৫% বা ততোধিক শেয়ার ধারক বা উহার প্রধান নির্বাহী কর্মকর্তা বা পরিপালন কর্মকর্তা কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হইয়াছিল কিনা ? হইলে কখন, কোথায়- ঃ

১৪। দরখাস্তকারী বা উহার পরিচালক মন্ডলীর কোন সদস্য বা ৫% বা ততোধিক শেয়ার ধারক বা উহার প্রধান নির্বাহী কর্মকর্তা বা পরিপালন কর্মকর্তা কোন ব্যাংকের ঋণ খেলাপী কিনা ? হইলে কোন ব্যাংক এবং কত টাকা- ঃ

১৫। দরখাস্তকারীর অনুমোদিত প্রতিনিধির নাম, পিতার নাম, মাতার নাম,স্থায়ী ঠিকানা,বর্তমান ঠিকানা, অফিসের ঠিকানা, শিক্ষাগত যোগ্যতার বিবরণ দিন- (প্রয়োজনে আলাদা কাগজ সংযুক্ত করুন) ঃ

১৬। দরখাস্তকারীর কর্মচারীর সংখ্যা উল্লেখ পূর্বক প্রধান নির্বাহী কর্মকর্তা এবং পরিপালন কর্মকর্তার নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, জাতীয় পরিচয়পত্রের নম্বর, জন্ম তারিখ এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ দিন (প্রয়োজনে আলাদা কাগজ সংযুক্ত করুন) ঃ

১৭। অন্যান্য তথ্যাদি (বিধি ৪-এ বর্ণিত যোগ্যতা) ঃ

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও সঠিক।

তারিখ ................... দরখাস্তকারীর স্বাক্ষর ও সীল

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

ড. এম খায়রুল হোসেন
চেয়ারম্যান।